



UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-III Examination, 2019

COMPULSORY BENGALI (Revised New Syllabus)

(FOR ARTS)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

পাঠ্যসূত্র সংখ্যা প্রश्নের পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। 'শঙ্খ' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- অথবা
- 'আমার কৈফিয়ৎ' কবিতায় কবি নজরুল ইসলাম তাঁর কাব্য ও জীবনদর্শন সম্পর্কে যা বলেছেন সেটি আলোচনা করো। আলোচ্য কবিতায় প্রতিফলিত সমকালীন রাজনৈতিক প্রেক্ষাপটটি বিচার করো। ৫+৫
- ২। 'বই পড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী একালের শিক্ষা পদ্ধতির ত্রুটি সম্বন্ধে যা বলেছেন সেটি লেখো। সাহিত্য চর্চার উপযোগিতা বিষয়ে প্রাবন্ধিকের বক্তব্য ব্যাখ্যা করো। ৫+৫
- অথবা
- 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে অবলম্বনে সাধারণ মানুষের অসতর্কতা ও অন্ধ-সংস্কারের কয়েকটি দৃষ্টান্ত দাও। ফলিত জ্যোতিষ কেন বিজ্ঞান নয় সেটি প্রবন্ধে অবলম্বনে লেখো। ৫+৫
- ৩। 'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর ইচ্ছানুসারে তার দাহকার্য করা যায়নি কেন? কাঙ্গালী শেষ পর্যন্ত সে কাজ কীভাবে শেষ করেছিল লেখো। ৫+৫
- অথবা
- 'ইজ্জত' গল্পে মহীতোষ চরিত্রে পুরুষের অহমিকার যে পরিচয় পাওয়া যায় তা বুঝিয়ে দাও এবং এর পরিণামে গল্পের পরিণতি কী হল তা লেখো। ১০
- ৪। ভাব-সম্প্রসারণ করোঃ ১০
- মিথ্যা শুনি নি ভাই,  
এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির-কাবা নাই।
- অথবা

সংক্ষিপ্তসার লেখোঃ

১০

প্রাচীন বাঙালীর হৃদয়বেগ ও ইন্দ্রিয়ালুতার ইঙ্গিত তাহার প্রতিমা-শিল্পে এবং দেবদেবীর রূপ-কল্পনায় ধরা পড়িয়াছে একথা অন্যত্র বলিয়াছি, একটু আগেও ইঙ্গিত করিয়াছি। মধ্যযুগের গৌড়ীয় বৈষ্ণব ধর্মে, সহজিয়া সাধনায়, বাউলদের সাধনায় যে বিশুদ্ধ ভক্তিরস ও হৃদয়বেগের প্রসার, তাহার সূচনা দেখা গিয়াছিল আদি পর্বেই, এবং তাহা শুধু বৌদ্ধ বজ্রযানী, সহজযানীদের মধ্যেই নয়, তান্ত্রিক শক্তি সাধনার মধ্যেই নয়, বৈষ্ণব সাধনায়ও বটে। এই হৃদয়বেগ ও ইন্দ্রিয়ালুতা যে বহুলাংশে আদিম নরগোষ্ঠীর দান তাহা আজিকার সাঁওতাল, শবর, প্রভৃতিদের জীবনযাত্রা, পূজানুষ্ঠান, সামাজিক আচার, স্বপ্ন কল্পনা, ভয়-ভাবনার দিকে তাকাইলে আর সন্দেহ থাকে না। আর্য ব্রাহ্মণ্য এবং বৌদ্ধ ও জৈন সাধনাদর্শে কিন্তু এই ঐকান্তিক হৃদয়বেগ ও ইন্দ্রিয়ালুতার এতটা স্থান নাই। সেখানে ইন্দ্রিয়-ভাবনা বস্তু সম্পর্ক বিচ্যুত, ভক্তি জ্ঞানানুগ, হৃদয়বেগ বুদ্ধির অধীন। বস্তুতঃ, বাঙলার অধ্যাত্ম সাধনার তীব্র আবেগ ও প্রাণবস্ত গতিও সনাতন আর্য ধর্মে অনুপস্থিত।

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০

- (ক) কলেজে নবীনবরণ অনুষ্ঠান উপলক্ষে ছাত্র-সংসদের পক্ষ থেকে একটি ভাষণ প্রস্তুত করো।
- (খ) কলেজে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে, এই উপলক্ষে একটি বিজ্ঞপ্তি রচনা করো।
- (গ) উত্তরবঙ্গে পর্যটনের নূতন ক্ষেত্র প্রস্তুত ও পর্যটক সহায়তা বিষয়ে পর্যটন মন্ত্রীর সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার প্রস্তুত করো।
- (ঘ) কলেজের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

—x—